লক্ষণ-ভক্তির অনুষ্ঠানের প্রবৃত্তি জন্মে। তাহার পর যাহার ভগবানে অকিঞ্চনা ভক্তি আছে, সর্ব্বগুণের সহিত গরুড়প্রভৃতি ভগবৎপার্ষদবৃন্দ সেই ভক্তে বশীভূত হইয়া অবস্থান করে। এই রীতি অনুসারে ভগবৎরূপ, ঐশ্বর্য্য, মাধুর্য্য, জ্ঞান ও বিষয়-বৈরাগ্য ভক্তির অনুগতভাবে আপনিই উপস্থিত থাকে—ইহাই একটী শ্লোকে বলিতেছেন ॥ ৪ ॥

অহৈতুকং শুষ্কতর্কাদ্যগোচরং উপনিষদং জ্ঞানমাশু—ঈষৎশ্রবণমাত্রেণ জনয়তীত্যর্থঃ। ব্যতিরেকেণাহ—ধর্ম্মঃ স্বনুষ্ঠিতঃ পুংসাং বাসুদেবকথাসু যঃ। নোৎপাদয়েদ্ যদি রতিং শ্রম এব হি কেবলম্ ॥ ৫ ॥

ভগবান্ বাসুদেবে প্রযোজিত ভক্তিযোগ ঈষৎ শ্রবণমাত্রেই অতিসত্বর বিষয়-বৈরাগ্য এবং শুষ্ক তর্কাদির অগোচর উপনিষৎপ্রতিপাদ্য জ্ঞান আবির্ভূত করাইয়া থাকে। ব্যতিরেকমুখেও দেখাইতেছেন, অর্থাৎ শ্রীভগবানে রুচিলক্ষণা ভক্তিযোগের আবির্ভাব না হইলে সমস্ত সাধনই যে বিফল, তাহাই একটি শ্লোকে দেখাইতেছেন ॥ ৫ ॥

বাসুদেবালম্বনাভাবেন যদি তৎকথাসু তল্লীলাবর্ণনেষু রতিং রুচিং নোৎপাদয়েৎ তদা শ্রমঃ স্যান্নতু ফলং, কথারুচেঃ সর্ব্বত্রৈবাত্যত্বাৎ শ্রেষ্ঠত্বাচ্চ সৈবোক্তা। তদুপলক্ষণত্বেন ভজনান্তররুচিরপ্যুপদিষ্টা। এবশব্দেন প্রবৃত্তিলক্ষণকর্ম্মফলস্য স্বর্গাদেঃ ক্ষয়িষ্ণুত্বং, হিশব্দেন তত্রৈব চ, তদ্‌যথেহ কর্ম্মজিতো লোকঃ ক্ষীয়তে, ইতিসোপপত্তিকশ্রুতিপ্রমাণত্বং, কেবলশব্দেন নিবৃত্তিমাত্রলক্ষণধর্ম্মফলস্য জ্ঞানস্যাসাধ্যত্বং, সিদ্ধস্যাপিনশ্বরত্বং, তত্রাপি তেনৈব হিশব্দেন, যস্য দেবে পরাভক্তিরিত্যাদি শ্রুতিপ্রমাণত্বং, নৈষ্কর্ম্ম্যমপ্যচ্যুতভাববর্জ্জিতং ইত্যাদি শ্রেয়ঃ সৃতিং ভক্তিমুদস্য তে বিভো! ক্লিশ্যন্তি যে কেবল বোধলব্ধয়ে ইত্যাদি, আরুহ্য কৃচ্ছ্রেণ পরং পদং ততঃ পতন্ত্যধোনাদৃতযুষ্মদঙ্ঘ্রয় ইত্যাদি বচন প্রমাণঞ্চ সূচিতম্। শ্লোকদ্বয়েন ভক্তির্নিরপেক্ষা জ্ঞানবৈরাগ্যে তু তৎসাপেক্ষে ইতি লভ্যতে। তদেবং ভক্তিফলত্বেনৈব ধর্ম্মস্য সাফল্যমুক্তম্। তত্র যদন্যে মন্যন্তে ধর্ম্মস্যার্থঃ ফলং, তস্যকামস্তত্য চেন্দ্রিয়প্রীতিস্তৎপ্রীতেশ্চ পুনরপি ধর্ম্মাদিপরম্পরেতি, তচ্চান্যথৈবেত্যাহ, দ্বাভ্যাম্—ধর্ম্মস্য হ্যাপবর্গস্য নার্থোঽর্থায়োপকল্পতে। নার্থস্য ধর্ম্মৈকান্তস্য কামো লাভায় হি স্মৃতঃ॥ কামস্য নেন্দ্রিয়প্রীতির্লাভো জীবেত যাবতা। জীবস্য তত্ত্বজিজ্ঞাসা নার্থো যশ্চেহকর্ম্মভিঃ ॥ . ॥

শ্রীসূত গোস্বামী শৌনকাদি ঋষিগণকে বলিলেন—হে শৌনক! পুরুষমাত্রের সুনির্দ্দিষ্টভাবে অনুষ্ঠিত ধর্ম্ম যদি বাসুদেবের কথাতে রুচি উৎপাদন না করে, তাহা হইলে সে ধর্ম্মানুষ্ঠান কেবল বৃথা পরিশ্রমেই পরিণত হইয়া থাকে। সুন্দররূপে অনুষ্ঠিত ধর্ম্ম, বাসুদেবকথায় অর্থাৎ তাঁহার লীলা বর্ণনাদিতে রুচি উৎপাদন না করিবার কারণ এই যে, সেই সেই ধর্ম্মে ভগবদাশ্রয়তা নাই; অর্থাৎ শ্রীভগবানে অর্পণ কিম্বা শ্রবণ-কীর্ত্তনাদির যোগে